



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-১৩৯/ ১৬৬/৪

তারিখঃ ১৪.০৬.২০১৮খ্রিঃ

বিষয়ঃ জনাব মোঃ হারুনুর রশিদকে স্বপদে পুনর্বহাল পূর্বক বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৭.০৭৭৭.০০৪.০০.০৬৭.১৮-৬৮৭(৬); তারিখঃ ২০/০৫/২০১৮খ্রিঃ  
২) নং- বামাশিবো/প্রশাসন/রংপুর-১৩৯/৮৪৪/৪; তারিখঃ ১১.০১.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রিট পিটিশন নং- ৯৩৮৯/২০১৭ এ প্রদত্ত আদেশ মোতাবেক জনাব মোঃ হারুনুর রশিদ কর্তৃক দাখিলকৃত দরখাস্ত নিষ্পত্তিকল্পে বোর্ড কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে পক্ষদ্বয় কর্তৃক একে অপরের বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর ও আমলযোগ্য এবং দুর্নীতি সংশ্লিষ্ট থাকায় শুধুমাত্র পক্ষদ্বয়ের দ্বাঙ্কিক বক্তব্যের উপর ভিত্তি করে সিদ্ধান্ত গ্রহণ সমীচীন নয় বিধায় শিক্ষক নিয়োগে দুর্নীতি, আর্থিক লেনদেনসহ একে অপরের বিরুদ্ধে আনীত অভিযোগ বিষয়ে সরজমিনে সংশ্লিষ্ট সকল শিক্ষক, নিয়োগ কমিটির সকল সদস্য, তৎকালীন ম্যানেজিং কমিটির সকল সদস্য, স্থানীয় সকলের বক্তব্য ও নিয়োগ সংক্রান্তসহ সকল নথিপত্র যাচাই-বাছাই করে অভিযোগ বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার নিজে অথবা তাঁর কর্তৃক মনোনীত একজন প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা, মাদ্রাসার একজন শিক্ষক প্রতিনিধি ও একজন অভিভাবক প্রতিনিধি (যাদের বিরুদ্ধে পক্ষ পাতিহের কোন অভিযোগ নাই) সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সকল তথ্য উপাত্ত প্রমাণাদিসহ একটি বিস্তারিত প্রতিবেদন তদন্ত কমিটির মতামতসহ বোর্ডে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার ০৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে তদন্ত কমিটির মাধ্যমে বিষয়টি তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার ০২ জন শিক্ষক নিয়োগে ১১,০০,০০০/- (এগার লক্ষ) টাকার লেনদেনের নির্ভরযোগ্য কোন সাক্ষী প্রমান পাওয়া যায়নি। এছাড়া প্রাক্তন কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ হারুনুর রশিদকে স্বীকৃতি প্রাপ্ত বেসরকারী মাদ্রাসা শিক্ষকগণের চাকুরী শর্ত বিধিমালা ১৯৭৯ এর ধারা ১১, ১২, ১৩(১) ও ১৪ মোতাবেক সুস্পষ্ট লংঘন করে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বর্ণিত অবস্থায় মাদ্রাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ হারুনুর রশিদকে পুনর্বহাল করা যেতে পারে মর্মে মতামত প্রদান করা হয়েছে।

এমতাবস্থায় তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে আগামী ১০ (দশ) দিনের মধ্যে সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ হারুনুর রশিদকে পুনর্বহাল করে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)

ও  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি, কানঞ্চগাড়া ছাছমলিয়া দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর।  
২) ভারপ্রাপ্ত সুপার, কানঞ্চগাড়া ছাছমলিয়া দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-১৩৯/ ১৬৬/৪

তারিখঃ ১৪.০৬.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. জনাব মোঃ হারুনুর রশিদ, সুপার, কানঞ্চগাড়া ছাছমলিয়া দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪